# বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ভর্তি কমিটিসমূহের সভাপতির কার্যালয় (বিজ্ঞান অনুষদ)

Tel: 58613500, PABX: 6946, 7868

E-mail: jpodder@phy.buet.ac.bd


নং: ডিন, বিজ্ঞান অনুষদ/ভর্তি-২০২৩-২৪/ বিজ্ঞপ্তি-৩ তারিখঃ ১৯-৩-২০২৪ ইং

## বিজ্ঞপ্তি

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে স্নাতক শ্রেণিতে ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রাথমিকভাবে নির্বাচিত এবং অপেক্ষমান প্রার্থীদের তালিকা বুয়েটের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। মেধাতালিকা ও পছন্দক্রম অনুসারে প্রার্থীদের বিভাগ বন্টনও ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। প্রাথমিকভাবে নির্বাচিত এবং অপেক্ষমান প্রার্থীদের করণীয় বিষয়সমূহ **পরিশিষ্ট-০১**-এ উল্লেখ করা হয়েছে।

**পরিচ্ছেদ-০১ঃ প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের জন্য প্রযোজ্য**

প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীগণকে বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য নিম্নলিখিত ধাপসমূহ অনুসরণ করতে হবেঃ

**প্রথম ধাপঃ** স্বাস্থ্য পরীক্ষা
**দ্বিতীয় ধাপঃ** ভর্তি ফি প্রদান
**তৃতীয় ধাপঃ** মূল সনদ, স্বাস্থ্য পরীক্ষার রিপোর্ট এবং ভর্তি ফি এর রশিদ জমা প্রদান সাপেক্ষে ভর্তি নিশ্চিতকরণ

ধাপসমূহ নিম্নে বিস্তারিত বর্ণণা করা হয়েছে।

**প্রথম ধাপ: স্বাস্থ্য পরীক্ষা**

ভর্তির জন্য প্রাথমিকভাবে নির্বাচিত তালিকাভুক্ত প্রার্থীদের বুয়েটের ওয়েবসাইটে প্রদত্ত 'Medical Screening Form for Admission' এর pdf ফাইলটি প্রিন্ট করার পর হাতে পূরণ করতে হবে। উক্ত ফর্মের প্রথম অংশটি প্রার্থী নিজেই পূরণ করবেন। দ্বিতীয় অংশটি প্রার্থীর স্বাস্থ্য পরীক্ষা এবং সংশ্লিষ্ট ল্যাবরেটরির রিপোর্ট মূল্যায়ন পূর্বক একজন রেজিস্টার্ড চিকিৎসক কর্তৃক পূরণ করতে হবে। উল্লেখ্য, দ্বিতীয় অংশের স্বাস্থ্য পরীক্ষার জন্য চিকিৎসক অথবা সংশ্লিষ্ট হাসপাতালের ফি এবং ল্যাবরেটরি রিপোর্টের ফি সংশ্লিষ্ট প্রার্থীকেই বহন করতে হবে।

স্বাস্থ্য পরীক্ষায় যদি দৃষ্টিশক্তির ত্রুটি ধরা পরে, তাহলে সাত দিনের মধ্যে পুনঃপরীক্ষা করা যেতে পারে। অন্যান্য অস্থায়ী অনুপযুক্ততা যথাঃ হাইড্রোসিল, হার্নিয়া ইত্যাদি এক মাসের মধ্যে পুনঃপরীক্ষার জন্য বিবেচিত হতে পারে। এই ধরনের অসুস্থতা পুনঃপরীক্ষার প্রয়োজন হলে প্রার্থীর নিজস্ব খরচে যেকোন বিশেষজ্ঞ চিকিৎসকের মতামতের জন্য বুয়েটের প্রধান চিকিৎসক সুপারিশ করতে পারেন। তবে এই সুপারিশ ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ভর্তি কমিটির সভাপতি কর্তৃক অনুমোদিত হতে হবে।
অত্র নোটিশের **পরিশিষ্ট-০১** এ উল্লেখিত নির্ধারিত তারিখ ও সময়ে প্রার্থীকে পূরণকৃত Medical Screening ফর্ম, ল্যাবরেটরি রিপোর্ট এবং প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য কাগজপত্র সশরীরে উপস্থিত হয়ে জমা দিতে হবে।

**দ্বিতীয় ধাপ: ভর্তি ফি প্রদান**

প্রকৌশল অনুষদসমূহের বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগে ভর্তির জন্য ৭,১৫০/- টাকা এবং স্থাপত্য বিভাগে ভর্তির জন্য ৭,২০০/- টাকা ফি জমা দিতে হবে। নিম্নের তালিকায় ভর্তির ফি এর খাতসমূহ উল্লেখ করা হয়েছে।

| **বিবরণ** | **প্রকৌশল বিভাগ সমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ** | | **স্থাপত্য বিভাগ** | |
|---|---|---|---|---|
| | **টাকা** | **পঃ** | **টাকা** | **পঃ** |
| ভর্তি ফি | ৫,৫০০ | ০০ | ৫,৫০০ | ০০ |
| টিউশন ফি | ২২ | ৫০ | ২২ | ৫০ |
| পরীক্ষা ফি | ৭০ | ০০ | ৭০ | ০০ |
| সিট ভাড়া | ৫ | ০০ | ৫ | ০০ |
| চিকিৎসা ফি | ৩০ | ০০ | ৩০ | ০০ |
| রেজিস্ট্রেশন ফি | ২০০ | ০০ | ২০০ | ০০ |
| এথলেটিক | ৪০ | ০০ | ৪০ | ০০ |
| ইউনিয়ন ফি | ৪৯ | ০০ | ৪৯ | ০০ |
| কশান মানি | ১০০০ | ০০ | ১০০০ | ০০ |
| রোভার স্কাউট | ২ | ০০ | ২ | ০০ |
| রশিদ বই ফি | ১ | ৫০ | ১ | ৫০ |
| গ্রেডশীট ফি | ২৩০ | ০০ | ২৮০ | ০০ |
| মোট টাকা | **৭,১৫০** | ০০ | **৭,২০০** | ০০ |

# বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ভর্তি কমিটিসমূহের সভাপতির কার্যালয় (বিজ্ঞান অনুষদ)


Tel: 58613500, PABX: 6946, 7868
E-mail: jpodder@phy.buet.ac.bd

নং: ডিন, বিজ্ঞান অনুষদ/ভর্তি-২০২৩-২৪/ বিজ্ঞপ্তি-৩ তারিখঃ ১৯-৩-২০২৪ ইং

- সোনালী ব্যাংক লিমিটেডের ডিমান্ড ড্রাফট অথবা পে-অর্ডারের মাধ্যমে **'কম্পট্রোলার, বুয়েট-ঢাকা'** বরাবর ভর্তি ফি প্রদান করতে হবে।
- ডিমান্ড ড্রাফট/ পে-অর্ডারের মূল কপি অত্র নোটিশের পরিশিষ্ট-০১ এ উল্লেখিত নির্ধারিত তারিখ ও সময়ে তিনটি কপিসহ সশরীরে উপস্থিত হয়ে জমা দিতে হবে।

উল্লেখ্য, সোনালী ব্যাংক লিমিটেডের দেশের যেকোন শাখার মাধ্যমে ডিমান্ড ড্রাফট করা যাবে। শুধুমাত্র ঢাকা সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকায় অবস্থিত সোনালী ব্যাংক লিমিটেডের যেকোন শাখার মাধ্যমে পে-অর্ডার করা যাবে।

পূরণকৃত নমুনা ফর্ম চিত্র-০১ (ক) এবং (খ) এর মাধ্যমে দেখানো রয়েছে।



ফ-১১ নগদ/হস্তান্তর

সোনালী ব্যাংক লিমিটেড
ডিমান্ড ড্রাফট ইস্যুকারী শাখা ........ শাখা

তারিখঃ ২৪-০৩-২০২৪ জমা প্রদানের তারিখ

ডিমান্ড ড্রাফট/মেইল ট্রান্সফার/টেলিগ্রাফিক ট্রান্সফার/এ্যানি ব্রাঞ্চ ব্যাংকিং (এবিবি) এর আবেদন ফরম

নিম্নলিখিত বর্ণনা অনুযায়ী ডিডি ☑ এমটি ☐ টিটি ☐ এবিবি ☐ এর অর্থ প্রেরণের জন্য অনুরোধ করিতেছি। এই জন্য আমি/আমরা নগদ ☑ চেকের ☐ মাধ্যমে (কথায়) সাত হাজার একশত পঞ্চাশ টাকা মাত্র টাকা জমা প্রদান করিলাম। এমটি/টিটি/এবিবি আমার/আমাদের খরচে ও ঝুঁকিতে প্রেরণের অনুরোধ জানাইতেছি। আমি/আমরা এই মর্মে ঘোষণা করিতেছি যে, যান্ত্রিক গোলযোগের কারণে এমটি/টিটি/এবিবি বার্তা গন্তব্যে (প্রদানকারী শাখায়) পৌঁছানোর ক্ষেত্রে বিলম্ব বা বার্তাতে ভুল, ত্রুটি অথবা বার্তায় ভুল ব্যাখ্যা ইত্যাদি কারণে এমটি/টিটি/এবিবি'র টাকা পরিশোধে বিলম্বের জন্য প্রেরণকারী ব্যাংক-কে দায়ী করা হইবে না।

আবেদনকারীর নাম : প্রার্থীর পুর্ণ নাম
ঠিকানা : বর্তমান ঠিকানা উল্লেখ করতে হবে
মোবাইল/টেলিফোন নম্বর : ০ ১ ২ ৩ ৪ ৫ ৬ ৭ ৮ ৯ ০ হিসাব নম্বর : (যদি থাকে)
প্রাপকের মোবাইল নম্বর (যদি থাকে) :


Signature আবেদনকারীর স্বাক্ষর

| নগদ টাকা বা চেকের বিবরণ | প্রাপকের নাম এবং হিসাব নং | প্রাপক শাখার নাম ও জেলার নাম | টাকার বিবরণী | | |
|---|---|---|---|---|---|
| (০১) | (০২) | (০৩) | (০৪) | | |
| নগদ টাকা | কম্পট্রোলার, বুয়েট ঢাকা | বুয়েট শাখা, ঢাকা | ক. | প্রেরিত টাকার পরিমাণ | ৭, ১৫০/- |
| | | | খ. | কমিশন | ৫০/- |
| | | | গ. | ভ্যাট (কমিশনের ১৫%) | ৮/- |
| | | | | সর্বমোট টাকার পরিমাণ | ৭, ২০৮/- |

সর্বমোট টাকার পরিমাণ (কথায়) : সাত হাজার দুই শত আট টাকা মাত্র
ক্যাশ স্ক্রল নং অফিসার (ক্যাশ) অফিসার স্ক্রল নং ট্রান্সফার স্ক্রল নং
ইস্যুকৃত এমটি/টিটি/এবিবি/ডিডি নং : ........ বুঝিয়া পাইলাম।

আবেদনকারীর স্বাক্ষর

চিত্র-০১ (ক) ডিমান্ড ড্রাফট ফর্ম (প্রকৌশল বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগে ভর্তির ক্ষেত্রে প্রযোজ্য)



ফ-২০

সোনালী ব্যাংক লিমিটেড
পে-অর্ডার ইস্যুকারী শাখা ........ শাখা।

পে-অর্ডারের আবেদন ফরম
তারিখঃ ২৪-০৩-২০২৪ জমা প্রদানের তারিখ

অনুগ্রহপূর্বক নিম্নোক্ত বিবরণ অনুযায়ী পে-অর্ডার ইস্যু করুন। জমাকৃত টাকা সম্পর্কে একটি ঘোষণাপত্র অপর পৃষ্ঠায় প্রদান করা হলো (প্রযোজ্যক্ষেত্রে)।

| নগদ টাকা/চেকের বিবরণ | ভোগকারীর/স্বত্বাধিকারীর নাম ও ঠিকানা | টাকা | পয়সা |
|---|---|---|---|
| নগদ টাকা | কম্পট্রোলার, বুয়েট ঢাকা | ৭, ১৫০/- | |

টাকা (কথায়) সাত হাজার একশত পঞ্চাশ টাকা মাত্র
আবেদনকারীর নাম ও ঠিকানা প্রার্থীর পুর্ণ নাম
বর্তমান ঠিকানা উল্লেখ করতে হবে
মোবাইল নং- ০১২৩৪৫৬৭৮৯০ (নিজ নম্বর) হিসাব নং-

Signature আবেদনকারীর স্বাক্ষর

(শুধুমাত্র ব্যাংকে ব্যবহারের জন্য)
ব্যাচ নং-
স্ক্রল নং (ক্যাশ/ট্রান্সফার)

ইস্যুকৃত পে-অর্ডার নম্বরঃ
উক্ত পে-অর্ডার বুঝে পেলাম।

| আদায়কৃত চার্জের পরিমাণ | টাকা | পয়সা |
|---|---|---|
| কমিশন | ৫০/- | |
| ভ্যাট | ৮/- | |
| মোট | ৭,২০৮/- | |

অফিসার ক্যাশ অফিসার আবেদনকারীর স্বাক্ষর অফিসার ক্যাশঃ

পলাশ-১০,০০০ প্যাড / ১০/২০২০

চিত্র-০১(খ) পে-অর্ডার ফর্ম (প্রকৌশল বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগে ভর্তির ক্ষেত্রে প্রযোজ্য)

# বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ভর্তি কমিটিসমূহের সভাপতির কার্যালয় (বিজ্ঞান অনুষদ)

Tel: 58613500, PABX: 6946, 7868
Mobile: 01552423766
E-mail: jpodder@phy.buet.ac.bd


নং: ডিন, বিজ্ঞান অনুষদ/ভর্তি-২০২৩-২৪/ বিজ্ঞপ্তি-৩ তারিখঃ ১৯-৩-২০২৪ ইং

**তৃতীয় ধাপ: মূল সনদ, স্বাস্থ্য পরীক্ষার রিপোর্ট এবং ভর্তি ফি এর রশিদ জমা প্রদান সাপেক্ষে ভর্তি নিশ্চিতকরণ**

ভর্তির জন্য প্রাথমিকভাবে নির্বাচিত তালিকাভুক্ত প্রার্থীদের অত্র নোটিশের **পরিশিষ্ট-০১** এ উল্লেখিত নির্ধারিত স্থান, তারিখ ও সময়ে সশরীরে উপস্থিত হতে হবে এবং নিম্নবর্ণিত প্রক্রিয়াসমূহ ক্রমানুসারে অনুসরণ করতে হবেঃ

**(ক) সনদ ও দলিলাদি যাচাই এবং জমা প্রদান**

(ক.১) প্রথমত, নির্ধারিত বুথে নিম্নলিখিত দলিলাদি জমা দিতে হবেঃ
মূল সনদ এবং অন্যান্য
(i) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/ দাখিল অথবা সমমানের পরীক্ষার মূল সনদ এবং ফটোকপি (এক কপি)।
(ii) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/ দাখিল অথবা সমমানের পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট বা গ্রেডশীট এবং ফটোকপি (এক কপি)।
(iii) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/ আলিম অথবা সমমানের পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট বা গ্রেডশীট এবং ফটোকপি (এক কপি)।

বি.দ্র.: ফটোকপি সত্যায়ন করার প্রয়োজন নেই।

উল্লেখ্য, এই সময়ে প্রদানকৃত ছাত্র/ ছাত্রীদের মূল ট্রান্সক্রিপ্ট/ গ্রেডশীট ও সনদ ভর্তি কমিটিসমূহের সভাপতি এর অফিসে জমা রাখা হবে। জমা গ্রহণের পর ভর্তি/ ভর্তির যোগ্যতা বাতিল ব্যতিরেকে এই সব কাগজপত্র সাময়িকভাবে ফেরৎ কিংবা ফটোকপি প্রদান করা হবে না।

(ক.২) সংরক্ষিত আসনের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত তালিকাভুক্ত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত প্রার্থীদেরকে তাদের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত প্রমাণস্বরূপ নিম্নোক্ত দলিলাদি জমা দিতে হবেঃ
(i) স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদ (মূলকপি ও ১ কপি সত্যায়িত ফটোকপি)।
(ii) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত গোত্রের মোড়ল/ হেডম্যান/ গোত্র প্রধান কর্তৃক প্রদত্ত সনদ যা স্থানীয় থানা নির্বাহী অফিসার/ জেলা প্রশাসক কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে (মূলকপি ও ১ কপি সত্যায়িত ফটোকপি)।

**(খ) স্বাস্থ্য পরীক্ষার ছাড়পত্র গ্রহণ**

উপরোক্ত সনদ, ট্রান্সক্রিপ্ট এবং অন্যান্য দলিলাদির জমা দানের পর নির্দিষ্ট মেডিক্যাল বুথে স্বাস্থ্য পরীক্ষার জন্য নির্ধারিত 'Medical Screening Form for Admission' এর পুরণকৃত কপি, ল্যাবরেটরি রিপোর্ট এবং অন্যান্য কাগজপত্র (প্রয়োজন সাপেক্ষে) জমা দিতে হবে।

**(গ) ভর্তি ফি জমা প্রদান**

মেডিক্যাল অফিসারের ছাড়পত্র পাওয়ার পর **ভর্তি ফি এর পে অর্ডারের/ ডিমান্ড ড্রাফট এর মূল কপি এবং দুইটি ফটোকপি** নির্ধারিত বুথে জমা দিতে হবে।

উপরোক্ত প্রক্রিয়াসমূহ সঠিকভাবে সম্পাদন করার পর ভর্তি নিশ্চিত করা হবে।

**পরিচ্ছেদ-০২: অপেক্ষমান তালিকাভুক্ত প্রার্থীদের জন্য প্রযোজ্য**

প্রয়োজন অনুযায়ী সময়সূচী পরে জানানো হবে (বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে এ সংক্রান্ত নোটিশ প্রকাশ করা হবে।)

উপরোক্ত প্রক্রিয়াসমূহ সঠিকভাবে সম্পাদন করার পর ভর্তি নিশ্চিত করা হবে।

# বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ভর্তি কমিটিসমূহের সভাপতির কার্যালয় (বিজ্ঞান অনুষদ)

Tel: 58613500, PABX: 6946, 7868

E-mail: jpodder@phy.buet.ac.bd


নং: ডিন, বিজ্ঞান অনুষদ/ভর্তি-২০২৩-২৪/ বিজ্ঞপ্তি-৩ তারিখঃ ১৯-৩-২০২৪ ইং

**২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ভর্তি কমিটিসমূহের সভাপতির পূর্ব অনুমতি না নিয়ে উপস্থিতির দিন নির্ধারিত সময়ে অনুপস্থিত প্রার্থীর ভর্তির যোগ্যতা বাতিল বলে গণ্য হবে।**

**বিশেষ দ্রষ্টব্য (প্রাথমিকভাবে নির্বাচিত এবং অপেক্ষমান উভয় ধরনের প্রার্থীর ক্ষেত্রে প্রযোজ্য):**

(১) বিনা অনুমতিতে নির্ধারিত তারিখের মধ্যে ভর্তি না হলে ভর্তির যোগ্যতা বাতিল বলে গণ্য হবে।

(২) ভর্তির পর কোন ছাত্র/ ছাত্রী নির্ধারিত সময়ের মধ্যে কোর্স রেজিস্ট্রেশন সম্পন্ন না করলে এবং/ অথবা বিনা অনুমতিতে ক্লাশ শুরুর ২(দুই) সপ্তাহের মধ্যে ক্লাশে উপস্থিত না হলে তার ভর্তি বাতিল করা হবে।

(৩) আবাসিক/ অনাবাসিক ছাত্র-ছাত্রীদের হলে ভর্তির জন্য প্রদেয় ফি এর পরিমাণ এবং হলে ভর্তির সময়সসূচী ছাত্রকল্যাণ পরিচালকের দপ্তর (বিশ্ববিদ্যালয় খেলার মাঠের দক্ষিণ-পশ্চিম প্রান্তে) থেকে নিজ দায়িত্বে যথাসময়ে জেনে নিতে হবে।

Jiban Podder

অধ্যাপক ড. জীবন পোদ্দার
ডিন, বিজ্ঞান অনুষদ
ও
সভাপতি, ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ভর্তি কমিটিসমূহ
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা
২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ভর্তি কমিটিসমূহের সভাপতির কার্যালয় (বিজ্ঞান অনুষদ)
Tel: 58613500, PABX: 6946, 7868
E-mail: jpodder@phy.buet.ac.bd

নং: ডিন, বিজ্ঞান অনুষদ/ভর্তি-২০২৩-২৪/ বিজ্ঞপ্তি-৩ তারিখঃ ১৯-৩-২০২৪ ইং

## পরিশিষ্ট-০১

মেধামান ও পছন্দক্রমের ভিত্তিতে প্রার্থীদের বিভাগ বন্টনের তালিকা অনুযায়ী স্থাপত্য, প্রকৌশল বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগে ভর্তির জন্য প্রাথমিকভাবে নির্বাচিত ও অপেক্ষমান তালিকাভুক্ত প্রার্থীদের দলিলাদি যাচাই/ উপস্থিতি নিশ্চিতকরণ, স্বাস্থ্য পরীক্ষা এবং ভর্তির সময়সূচী

**মেধামান ও পছন্দক্রমের ভিত্তিতে প্রার্থীদের বিভাগ বন্টনের তালিকা অনুযায়ী স্থাপত্য বিভাগে ভর্তির জন্য প্রাথমিকভাবে নির্বাচিত তালিকাভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য**

| উপস্থিতির তারিখ ও সময় (দলিলাদি মূল্যায়ন ও স্বাস্থ্য পরীক্ষা) | ভর্তি পরীক্ষায় প্রার্থীর মেধামান | স্থান |
|---|---|---|
| তারিখ: ২৭/০৩/২০২৪, বুধবার<br>সময়: সকাল ০৯ঃ ৩০ মিনিট- সকাল ১১ঃ০০ টা | ২, ৫, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৬, ১৭, ২০, ২২, ২৬, ২৯, ৩১, ৩২, ৩৩, ৩৪, ৩৬, ৩৯, ৪০, ৪১, ৪৪, ৪৬, ৪৭, ৪৮, ৪৯, ৫১, ৫২, ৫৩, ৫৫, ৫৬, ৫৭, ৫৯, ৬০, ৬১, ৬২, ৬৩, ৬৪, ৬৫, ৬৬, ৬৭, ৬৮, ৬৯, ৭০, ৭১, ৭২, ৭৩, ৭৪, ৭৫, ৭৬, ৭৭, ৭৮, ৭৯, ৮০, ৮১, ৮২, ৮৩, ৮৪, ৮৫, ৮৬, ৮৭ | ভর্তি অফিস, লেভেল-৮ (পশ্চিম) ECE ভবন, পশ্চিম পলাশী ক্যাম্পাস, বুয়েট। |

**মেধামান ও পছন্দক্রমের ভিত্তিতে প্রার্থীদের বিভাগ বন্টনের তালিকা অনুযায়ী প্রকৌশল বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগে ভর্তির জন্য প্রাথমিকভাবে নির্বাচিত তালিকাভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য**

| উপস্থিতির তারিখ (দলিলাদি মূল্যায়ন ও স্বাস্থ্য পরীক্ষা) | সময় | ভর্তি পরীক্ষায় প্রার্থীর মেধামান | স্থান |
|---|---|---|---|
| তারিখ: ২৭/০৩/২০২৪, বুধবার | সকাল ৯:৩০ মিনিট - সকাল ১১:০০ টা | ০০১-১৫১ | ভর্তি অফিস, লেভেল-৮ (পশ্চিম) ECE ভবন, পশ্চিম পলাশী ক্যাম্পাস, বুয়েট। |
| | সকাল ১১:০০ টা - দুপুর ১২:৩০ মিনিট | ১৫২-৩০০ | |
| | দুপুর ১:০০ টা - বিকাল ২:৩০ মিনিট | ৩০১-৪৫০ | |
| | বিকাল ২:৩০ মিনিট - বিকাল ৪:০০ টা | ৪৫১-৬০০ | |
| তারিখ: ২৮/৩/২০২৪, বৃহস্পতিবার | সকাল ৯:৩০ মিনিট - সকাল ১১:০০ টা | ৬০১-৭৫০ | |
| | সকাল ১১:০০ টা - দুপুর ১২:৩০ মিনিট | ৭৫১-৯০০ | |
| | দুপুর ১:০০ টা - বিকাল ২:৩০ মিনিট | ৯০১-১০৫০ | |
| | বিকাল ২:৩০ মিনিট - বিকাল ৪:০০ টা | ১০৫১-১২৫৬ | |

**মেধামান ও পছন্দক্রমের ভিত্তিতে প্রার্থীদের বিভাগ বন্টনের তালিকা অনুযায়ী স্থাপত্য বিভাগে ভর্তির জন্য অপেক্ষমান তালিকাভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য**

| | |
|---|---|
| ৮৮-১৫৩ | প্রয়োজন অনুযায়ী সময়সূচী পরে জানানো হবে (বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে এ সংক্রান্ত নোটিশ প্রকাশ করা হবে।) |

**মেধামান ও পছন্দক্রমের ভিত্তিতে প্রার্থীদের বিভাগ বন্টনের তালিকা অনুযায়ী প্রকৌশল বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগে ভর্তির জন্য অপেক্ষমান তালিকাভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য**

| | |
|---|---|
| ১২৫৭-২০০০ ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত প্রার্থী - ৩৬৮৪ | প্রয়োজন অনুযায়ী সময়সূচী পরে জানানো হবে (বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে এ সংক্রান্ত নোটিশ প্রকাশ করা হবে।) |

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা
২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ভর্তি কমিটিসমূহের সভাপতির কার্যালয় (বিজ্ঞান অনুষদ)
Tel: 58613500, PABX: 6946, 7868
E-mail: jpodder@phy.buet.ac.bd

নং: ডিন, বিজ্ঞান অনুষদ/ভর্তি-২০২৩-২৪/ বিজ্ঞপ্তি-৩ তারিখঃ ১৯-৩-২০২৪ ইং

## স্থানঃ ভর্তি অফিস, লেভেল-৮ (পশ্চিম) ECE ভবন, পশ্চিম পলাশী ক্যাম্পাস, বুয়েট।

<table>
<tr><td colspan="2">নিম্নোক্ত QR Code স্মার্টফোনের মাধ্যমে স্ক্যান করলে অথবা উল্লেখিত url এ গেলে ECE ভবন, পশ্চিম পলাশী ক্যাম্পাস-এর দিকনির্দেশনা Google Map এ প্রদর্শিত হবে।</td></tr>
<tr><td></td><td>https://maps.app.goo.gl/R4Q2uMoqmXK5LwF59</td></tr>
</table>

বিশেষ দ্রষ্টব্যঃ

(১) বিশেষ প্রয়োজনে কর্তৃপক্ষ সাক্ষাতের সময়সূচী পরিবর্তন করতে পারেন।
(২) ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ভর্তি কমিটি সমূহের সভাপতির পূর্ব অনুমতি না নিয়ে উপস্থিতির দিন নির্ধারিত সময়ে অনুপস্থিত প্রার্থীর ভর্তির যোগ্যতা বাতিল বলে গণ্য হবে।